ভোরের কাগজ

তারিখ ... MAR 24 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

## পলিটেকনিক শিক্ষক সমিতির ১০ দফা দাবিতে মাসব্যাপী কর্মসূচি ঘোষণা

পলিটেকনিক শিক্ষক সমিতি তাদের ১০ দফা দাবি আদায় ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অপসারণ দাবিতে মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে।

উল্লিখিত দাবিতে গতকাল মঙ্গলবার ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে অনুষ্ঠিত প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশে এ কর্মসূচি ঘোষণা করা হয়। কর্মসূচির মধ্যে রয়েছে আগামী ৩-১৭ এপ্রিল গণসংযোগ ও সাংগঠনিক সফর, ১১ এপ্রিল প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবের কাছে টেলিগ্রাম প্রেরণ, ১৮ এপ্রিল প্রতিনিধি সভায় সংগ্রাম কমিটি গঠন ও সংবাদ সম্মেলনের মাধ্যমে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা প্রভৃতি। বিজ্ঞপ্তি।

---

সমমানের যোগ্যতা। বিজ্ঞমহলের এটা কি বিমাতাসুলভ আচরণ নয়? পুরুষের মতো মহিলাদের ক্ষেত্রে কমপক্ষে উচ্চ মাধ্যমিক যোগ্যতা হলেও কিছুটা সামঞ্জস্য বজায় থাকতো। একজন এসএসসি পাস শিক্ষিকার সঙ্গে সহকর্মী হিসেবে ডিগ্রি বা স্নাতকত্তোর শিক্ষককে কিভাবে মানিয়ে চলা সম্ভব?

দেখা গেছে, ৬০% মহিলার জন্য যোগ্য প্রার্থী অনেক ক্ষেত্রে পূরণ হয় না। এই সমস্যা সমাধানের জন্য সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির এক বৈঠকে ৬০% মহিলা কোটা ১ বছরের জন্য স্থগিত রাখার সুপারিশ করা হয়েছে।

আমাদের আবেদন সকল প্রকার কোটা তুলে দিয়ে মহিলাদের যোগ্যতা আরো একধাপ উন্নীত করে

সঠিক যোগ্য প্রার্থীদের বেছে নেওয়া হোক।

প্রহলাদ হীরা
এমএসসি শেষ বর্ষ (গণিত), ঢাকা বিশ্ববিদ্যালয়।

### টনপত্র

শিক্ষাক্ষেত্রে খাদ্য নিয়ে দুর্নীতি ও অনিয়ম বন্ধের লক্ষ্যে শিক্ষকদের বদলে খাদ্য উত্তোলন ও বিতরণের দায়িত্ব পাচ্ছে ডিলাররা। তাহলে মনে হচ্ছে ডিলাররা সম্পূর্ণরূপেই দুর্নীতিমুক্ত, তাই নয় কি?

বাপ্পা ঘোষ চৌধুরী
আহ্বায়ক
ভোরের কাগজ পাঠক ফোরাম
সিলেট।